

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পররাষ্ট্র মন্ত্রণালয়  
বহুপাক্ষিক অর্থনৈতিক বিষয়াবলী শাখা  
ঢাকা

১৯.০০.০০০০.২১৫.৬৪.০০৭.১০/২০১৯

০৪ ফেব্রুয়ারি ২০১৭

প্রেরক : মোঃ ওয়ারিসুল ইসলাম  
সহকারী সচিব (বহুপাক্ষিক অর্থনৈতিক বিষয়াবলী)  
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (পররাষ্ট্র বিষয়ক)  
১ম ১২-তলা সরকারী ভবন, (৯ম তলা)  
সেগুনবাগিচা, ঢাকা

বিষয়: আগামী ১১-১৪ ফেব্রুয়ারি ২০১৮ তারিখ পর্যন্ত ইতালির রোমে অনুষ্ঠিতব্য আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (IFAD)-এর Governing Council-শীর্ষক সভায় অংশগ্রহণের জন্য বাংলাদেশ প্রতিনিধিদলের সদস্য হিসেবে সরকারী সফরের প্রশাসনিক মঞ্জুরী জ্ঞাপন

মহোদয়,

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে আগামী ১১-১৪ ফেব্রুয়ারি ২০১৮ তারিখ পর্যন্ত ইতালির রোমে অনুষ্ঠিতব্য আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (IFAD)-এর Governing Council-শীর্ষক সভায় বাংলাদেশ প্রতিনিধিদলের সদস্য হিসেবে অংশগ্রহণের জন্য জনাব মোঃ তারাজুল ইসলাম, সহকারী সচিব (বহুপাক্ষিক অর্থনৈতিক বিষয়াবলী), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা-এর অনুকূলে সরকারী সফরের প্রশাসনিক মঞ্জুরী জ্ঞাপন করছে।

২। উপর্যুক্ত সভায় যোগদানের জন্য তিনি আগামী ১০ ফেব্রুয়ারি ২০১৮ বা তার নিকটবর্তী সময়ে ঢাকা ত্যাগ করবেন এবং উপর্যুক্ত সভায় যোগদান শেষে আগামী ১৫ ফেব্রুয়ারি ২০১৮ বা এর নিকটবর্তী সময়ে ঢাকায় প্রত্যাবর্তন করবেন।

৩। উপর্যুক্ত বৈঠকে অংশগ্রহণ সংক্রান্ত যাবতীয় ব্যয়ভার পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০১৭-১৮ অর্থবছরের বাজেটের সংশ্লিষ্ট খাত থেকে নির্বাহ করা হবে।

৪। বর্ণিত বৈঠকে উক্ত কর্মকর্তার অংশগ্রহণ ও ভ্রমণকাল সরকারী কাজে কর্তব্যরত হিসেবে গণ্য হবে।

৫। এই সফরে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

(মোঃ ওয়ারিসুল ইসলাম)  
সহকারী সচিব (বহুপাক্ষিক অর্থনৈতিক বিষয়াবলী)  
ফোন : ৪৭১১০৬৪২

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. মহাপরিচালক (বহুপাক্ষিক অর্থনৈতিক বিষয়াবলী), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০২. পরিচালক (অর্থ/সংস্থাপন/এসএমও/এফএমও/এমইএ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
০৩. পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা
০৪. মোঃ তারাজুল ইসলাম, সহকারী সচিব (বহুপাক্ষিক অর্থনৈতিক বিষয়াবলী), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
০৫. সিনিয়র সহকারী/সহকারী সচিব (সফর/বাজেট/তহবিল/আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
০৬. এস এস (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা
০৭. বাংলাদেশ মিশন, ইতালি

(মোঃ ওয়ারিসুল ইসলাম)  
সহকারী সচিব (বহুপাক্ষিক অর্থনৈতিক বিষয়াবলী)